

দলিল লেখকগণ কর্তৃক আদায়যোগ্য ফি

এস,আর,ও নং ২১৯- আইন/৯৪/১এম-১২/৯০ তারিখ ২০ জুন, ১৯৯৪ এবং এস,আর,ও নং ১৬৮- আইন/২০০২ তারিখ ২৯ জুলাই, ২০০২ অনুযায়ী দলিল লেখকগণ নিম্নরূপ হারে ফিস আদায় করতে পারে:-

১। (ক) প্রতি ৩০০ শব্দ বা তার অংশ মুসাবিদার জন্য- ১৫ টাকা।

(খ) মুসাবিদা হতে দলিল লিখন ও রেজিস্ট্রির বিষয়ে যাবতীয় সহায়তাকল্পে প্রতি ৩০০ শব্দ বা তার অংশে বিশেষের জন্য- ১০ টাকা।

(গ) স্বরণ শক্তি হতে দলিল লিখন ও রেজিস্ট্রির বিষয়ে যাবতীয় সহায়তাকল্পে প্রতি ৩০০ শব্দ বা তার অংশ বিশেষের জন্য- ১৫ টাকা।

২। ১৯০৮ সালের রেজিস্ট্রেশন আইনের ৫২ ধারার অধীন পক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হয়ে মূল দলিল ফেরৎ গ্রহণের জন্য- ৫ টাকা।

৩। ছাপানো ফরম বা অন্য রকম যাবতীয় দরখাস্ত লিখন ও পূরণ করার জন্য- ৫ টাকা।

৪। প্রতিটি সমন লিখন ও পূরণ করার জন্য- ২ টাকা।

৫। SAT Act এর নোটিশ লিখন ও পূরণ করার জন্য নোটিশ প্রতি- ২ টাকা।

৬। সূচি তল্লাশ বা বালাম বহি পরিদর্শনের জন্য প্রতি বৎসর প্রতি ব্যক্তির নাম বা সম্পত্তির জন্য- ৫ টাকা।